| ডাইরি/ওয়েবসাইটে আপলোডের ব্যবস্থা নিন | |
|---|---|
| স্টেশন প্রকৌশলী | |
| উপস্টেশন প্রকৌশলী | |
| সহকারী বেতার প্রকৌশলী | |
| রেডিও টেকনিশিয়ান | |



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ বেতার
সদর দপ্তর
৩১/১, সৈয়দ মাহবুব মোর্শেদ সরণি, শের-ই-বাংলা
নগর, আগারগাঁও, ঢাকা-১২০৭।
www.betar.gov.bd

গণভোট ২০২৬
সংসদ নির্বাচন
দেশের চাবি
আপনার হাতে

স্মারক নম্বর: ১৫.৫৩.০০০০.০০০.০১৪.১৬.০৩৪২.২৪.৪১

তারিখ: ৩ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ
১৬ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

**বিষয়: তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ে জানুয়ারি ২০২৬ মাসে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণীর সিদ্ধান্তের আলোকে বাস্তবায়ন অগ্রগতি প্রেরণ।**

সূত্র: তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের প্রশাসন-২ অধিশাখার ০৩/০২/২০২৬ তারিখের ১৫.০০.০০০০.০১৫.০৬.০৩৩.২৫ (অংশ-১).২৬ সংখ্যকপত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, গত ১৯ ফেব্রুয়ারি২০২৬ তারিখে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের সম্মানিত সচিব মহোদয়ের সভাপতিত্বে মন্ত্রণালয়ের সভাকক্ষে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় এবং আওতাধীন অধিদপ্তর/দপ্তর/ সংস্থাসমূহের কর্মকর্তাদের নিয়ে মাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণীর সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন আগামী ১৭ ফেব্রুয়ারি ২০২৬ তারিখের মধ্যে আবশ্যিকভাবে নিকস্ ফন্টে সফটকপি ও হার্ডকপি ই-মেইলে bbetar80@gmail.com এ প্রেরণের জন্য পত্রের অনুলিপি এতদসঙ্গে প্রেরণ করা হলো।

**সংযুক্তি:** কার্যবিবরণীর অনুলিপি।

Md. Nabid
১৬-০২-২০২৬
মোঃ নাবিদুল হক
সহকারী বার্তা নিয়ন্ত্রক

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (দৈনন্দিন দায়িত্ব), কারিগরি কার্য, বাংলাদেশ বেতার ঢাকা (প্রকল্পের ই-জিপি সংক্রান্ত তথ্য ও ভূমিকম্পে ক্ষতিগ্রস্ত ভবনের বিষয়ে সর্বশেষ অগ্রগতির তথ্য প্রেরণের অনুরোধসহ)।
২। সিনিয়র প্রকৌশলী (সংরক্ষণ), সংরক্ষণ অনুবিভাগ, বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা ( ই-জিপি সংক্রান্ত তথ্য প্রেরণের অনুরোধসহ)।
৩। সিনিয়র প্রকৌশলী (দৈনন্দিন দায়িত্ব ), গবেষণা ও গ্রহণ কেন্দ্র, বাংলাদেশ বেতার (ওয়েব সাইট হালনাগাদ করণের তথ্যাদি প্রেরণ এবং ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪। উপপরিচালক (প্রশাসন ও অর্থ), বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা (অডিট সংক্রান্ত তথ্য প্রেরণের অনুরোধসহ)।
৫। সহকারী বার্তা নিয়ন্ত্রক (আইন), বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা (মামলা সংক্রান্ত তথ্য প্রেরণের অনুরোধসহ) এবং
৬। প্রশাসিক কর্মকর্তা, সংস্থাপন-১/সংস্থাপন-২/হিসাব শাখা/আইন/যানবাহন/বাজেট শাখা বাংলদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা, ( তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ে পেন্ডিং বিষয়াদির তালিকা প্রেরণের অনুরোধসহ)।

c:\users\user\desktop

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
প্রশাসন-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.moi.gov.bd

## জানুয়ারি-২০২৬ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি : মাহবুবা ফারজানা
সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
তারিখ ও সময় : ২৮ জানুয়ারি ২০২৫, সকাল ১১:০০ টা
সভার স্থান : তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের সভাকক্ষ
সভায় উপস্থিতি : পরিশিষ্ট-'ক'তে সংযুক্ত

উপস্থিত কর্মকর্তাগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে উপসচিব (প্রশাসন-২) সভায় আলোচ্যসূচি উপস্থাপন করেন। আলোচ্যসূচির উপর বিস্তারিত আলোচনাক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রম | বিষয় ও আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১. | **ডিসেম্বর-২০২৫ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ:**<br><br>ডিসেম্বর-২০২৫ মাসের সমন্বয় সভার কার্যবিবরণীর বিষয়ে কোনো সংশোধনী প্রস্তাব নেই মর্মে সভায় সকলে একমত প্রকাশ করেন। | কোনো সংশোধন না থাকায় ডিসেম্বর-২০২৫ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী নিশ্চিত করা হয়। | - |
| ২. | **তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় ও আওতাধীন দপ্তর/ সংস্থাসমূহের ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন:**<br><br>সভায় জানানো হয় যে, ২০২৫-২০২৬ অর্থবছরের ক্রয় পরিকল্পনায় পরিচালন বাজেটে ১৮৬টি ই-জিপি ও ২৪৪টি ম্যানুয়াল ক্রয়সহ মোট ক্রয়ের সংখ্যা ৪৩০টি, যার সম্ভাব্য ব্যয় ১১০ কোটি ৩২ লক্ষ ৪৫ হাজার টাকা। তন্মধ্যে ডিসেম্বর-২০২৫ পর্যন্ত ২৭টি ই-জিপি ও ৬২টি ম্যানুয়াল ক্রয়সহ মোট ৮৯টি ক্রয় বাস্তবায়িত হয়েছে, ব্যয়িত অর্থের পরিমাণ ৯ কোটি ৫৯ লক্ষ ১৯ হাজার টাকা।<br><br>সভায় দপ্তর/সংস্থাভিত্তিক ক্রয় কার্যক্রমের অগ্রগতি প্রতিবেদন উপস্থাপন করা হয়। অতিরিক্ত সচিব (প্রশাসন ও চলচ্চিত্র) বাস্তবায়িত ক্রয়ের শতকরা হার (%) প্রতিবেদনে উল্লেখ করার জন্য অনুরোধ করেন। তিনি বলেন যে, বর্তমানে অর্থ বিভাগ কর্তৃক প্রান্তিকভিত্তিক (Quarterly) বাজেট বাস্তবায়ন পরিবীক্ষণ করা হয়। বাস্তবায়ন আশানুরূপ না হলে বাজেট হ্রাসের সম্ভাবনা রয়েছে। তাই লক্ষ্যমাত্রা অনুযায়ী যে প্রান্তিকের ক্রয় সে প্রান্তিকেই সম্পন্ন করার জন্য সকলের প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে।<br><br>বাংলাদেশ বেতারের প্রধান প্রকৌশলী জানান যে, বিটিভি ও বাংলাদেশ বেতারের যন্ত্রপাতি ক্রয় সংক্রান্ত অর্থনৈতিক কোডে অর্থবছরের প্রথমার্ধে দ্বি-তারকা (**) থাকায় যথাসময়ে ক্রয়কার্য সম্পন্ন করা সম্ভব হয় না।<br><br>অতিরিক্ত সচিব (প্রশাসন ও চলচ্চিত্র) উক্ত দুটি দপ্তরকে অর্থবছরের শুরুতেই (**) প্রত্যাহারের প্রস্তাব প্রেরণের জন্য অনুরোধ করেন। | নির্ধারিত সময়ের মধ্যে ক্রয় পরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। | ১। অতিরিক্ত সচিব (প্রশাসন)<br>২। দপ্তর/সংস্থা প্রধান (সকল)<br>৩। উপসচিব (প্রশাসন-১/ বাজেট-১) |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
প্রশাসন-২ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.moi.gov.bd

স্মারক নম্বর: ১৫.০০.০০০০.০১৫.০৬.০৩৩.২৫(অংশ-২).২৬

তারিখ: ২০ মাঘ ১৪৩২ / ০৩ ফেব্রুয়ারি ২০২৬

**বিষয়: জানুয়ারি-২০২৬ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী প্রেরণ।**

গত ২৮ জানুয়ারি ২০২৬ তারিখে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত জানুয়ারি-২০২৬ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী এতদ্‌সঙ্গে প্রেরণ করা হলো। কার্যবিবরণীর সিদ্ধান্তসমূহ বাস্তবায়নপূর্বক অগ্রগতি প্রতিবেদন (হার্ডকপি ও সফটকপি) আগামী ১৯ ফেব্রুয়ারি ২০২৬ তারিখের মধ্যে প্রশাসন-২ অধিশাখায় প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত: কার্যবিবরণী ০৬ (ছয়) পাতা।

মহাপরিচালকের দপ্তর
বাংলাদেশ বেতার

মো: আলমগীর কবির
উপসচিব
ফোন: ০২২২৩৩৮০৭৮৭
ই-মেইল: admin2@moi.gov.bd

<u>বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):</u>

১. অতিরিক্ত সচিব (সকল), তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়
২. দপ্তর/সংস্থা প্রধান (সকল), তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, ঢাকা
৩. যুগ্মসচিব (সকল), তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়
৪. অধিশাখা/শাখা প্রধান (সকল), তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়
৫. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা

<u>অনুলিপি:</u>

১. উপদেষ্টার একান্ত সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় (মাননীয় উপদেষ্টার সদয় অবগতির জন্য)
২. সচিবের একান্ত সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

পরিচালক (প্রশাসন ও অর্থ) এর দপ্তর
বাংলাদেশ বেতার

সহকারী বার্তা নিয়ন্ত্রক
বাংলাদেশ বেতার সদর দপ্তর
ক্রয় শাখা
অডিট শাখা
প্রশিক্ষণ
অন্যান্য

সহকারী বার্তা নিয়ন্ত্রক
বাংলাদেশ বেতার সদর দপ্তর
ক্রয় শাখা
অডিট শাখা
প্রশিক্ষণ
অন্যান্য

অতিরিক্ত পরিচালক (প্রশাসন ও অর্থ) এর দপ্তর
বাংলাদেশ বেতার

| ক্রম | বিষয় ও আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ৫. | **সরকারি কর্মসম্পাদন পরিবীক্ষণ পদ্ধতি (GPMS):**<br><br>সভায় জানানো হয় যে, GPMS-এর বিবেচ্য অর্থবছরের কর্মসম্পাদন পরিকল্পনা (সেকশন-২) গত ১৭ ডিসেম্বর ২০২৬ তারিখে GPMS সফট্ওয়্যারে আপলোড করা হয়েছে। গত ০৬ জানুয়ারি ২০২৬ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে উপদেষ্টা পরিষদ কমিটির সভায় এটি অনুমোদন করা হয়েছে এবং যথাযথ বাস্তবায়ন নিশ্চিত করার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে।<br><br>যুগ্মসচিব (প্রশাসন) জানান যে, মন্ত্রিপরিষদ বিভাগ থেকে প্রাপ্ত নির্দেশনা পৃষ্ঠাংকন করে দপ্তর/সংস্থা ও মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট শাখাসমূহে প্রেরণ করা হয়েছে। GPMS-এ যেসব অধিশাখা/শাখা ও দপ্তর/সংস্থার কার্যক্রম/সূচক অন্তর্ভুক্ত রয়েছে, তাদের নির্ধারিত সময়ের মধ্যে কার্যক্রম/সূচকসমূহ বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তিনি অনুরোধ করেন। | GPMS-এ অন্তর্ভুক্ত কার্যক্রম/কর্মসম্পাদন সূচকসমূহ নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। | ১। দপ্তর/সংস্থা প্রধান (সকল)<br>২। অধিশাখা/শাখা প্রধান (সকল)<br>৩। সহকারী সচিব (বাজেট-২) |
| ৬. | **GRS সিস্টেমে অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তি:**<br><br>সভায় জানানো হয় যে, ডিসেম্বর-২০২৫ মাসে GRS সিস্টেমে মোট ১৭টি অভিযোগ পাওয়া যায়। এর মধ্যে ১৬টি অভিযোগ নিষ্পত্তি করা হয়েছে এবং ০১টি অভিযোগ অনিষ্পন্ন রয়েছে। | তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় এবং দপ্তর/সংস্থা থেকে প্রাপ্ত প্রতিবেদন প্রতি মাসে সমন্বিত আকারে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে। প্রাপ্ত অভিযোগ ও নিষ্পত্তি সংক্রান্ত তথ্য সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। | ১। অতিরিক্ত সচিব (প্রশাসন)<br>২। যুগ্মসচিব (প্রশাসন) |
| ৭. | **শাখা পরিদর্শন ও অনিষ্পন্ন বিষয়ের তালিকা পর্যালোচনা:**<br><br>আলোচ্য মাসে বেতার-২ এবং তগ-২ শাখা পরিদর্শন করা হয়েছে মর্মে সভায় জানানো হয়। এছাড়া বিভিন্ন শাখা/অধিশাখার অনিষ্পন্ন ডাক সংক্রান্ত প্রতিবেদন উপস্থাপন করা হয়। প্রতিবেদনে দেখা যায় যে, বেতার-২ ও আইন শাখায় ৪টি ডাক অনিষ্পন্ন রয়েছে। এছাড়া প্রশাসন-৪, বেতার-১, টিভি-২, তগ-১, তগ-২, চলচ্চিত্র-১ ও প্রেস-১ শাখা থেকে কোনো তথ্য পাওয়া যায়নি। অতিরিক্ত সচিব (প্রশাসন ও চলচ্চিত্র) এতে অসন্তোষ প্রকাশ করেন এবং অনিষ্পন্ন বিষয়ের তালিকা প্রেরণ না করার বিষয়ে সংশ্লিষ্ট শাখাসমূহকে লিখিতভাবে ব্যাখ্যা দেয়ার জন্য নির্দেশনা প্রদান করেন।<br><br>তিনি বলেন যে, শাখা পরিদর্শন ও অনিষ্পন্ন বিষয় ওতপ্রোতভাবে জড়িত। শাখা পরিদর্শনের সময় শাখায় অনিষ্পন্ন কোনো বিষয় রয়েছে কিনা, তা ভালোমত যাচাই করতে হবে। | ক) প্রশাসন-৪, বেতার-১, টিভি-২, তগ-১, তগ-২, চলচ্চিত্র-১ ও প্রেস-১ শাখা নির্ধারিত সময়ের মধ্যে অনিষ্পন্ন বিষয়ের তালিকা প্রশাসন-২ অধিশাখায় প্রেরণ না করার বিষয়ে লিখিত ব্যাখ্যা প্রদান করবে। | উপসচিব/সিনিয়র সহকারী সচিব, প্রশাসন-৪/বেতার-১/ টিভি-২/তগ-১/ তগ-২/চলচ্চিত্র-১ ও প্রেস-১ শাখা |
| | | খ) সচিবালয় নির্দেশমালা অনুযায়ী নির্ধারিত সময় অন্তর অধিশাখা/শাখা পরিদর্শন করতে হবে। পরিদর্শনকালে শাখার অনিষ্পন্ন বিষয়াদি যাচাই করে দেখতে হবে। | ১। অতিরিক্ত সচিব (সকল)<br>২। দপ্তর/সংস্থা প্রধান (সকল)<br>৩। যুগ্মসচিব (সকল)<br>৪। শাখা/অধিশাখা প্রধান (সকল)<br>৫। উপসচিব (প্রশাসন-১) |
| | | গ) দপ্তর/সংস্থাকে প্রতি মাসে পরিদর্শনকৃত শাখার সংখ্যা ও তালিকা মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে; | দপ্তর/সংস্থা প্রধান (সকল) |

| ক্রম | বিষয় ও আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ৩. | **তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় ও এর আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের অডিট আপত্তি নিষ্পত্তিকরণ:**<br><br>সভায় জানানো হয় যে, ডিসেম্বর-২০২৫ মাসে মন্ত্রণালয় ও আওতাধীন দপ্তর/সংস্থার পুঞ্জীভূত অডিট আপত্তির সংখ্যা ছিল ৪২৫টি, আপত্তিকৃত টাকার পরিমাণ ৮৬৯,৮৩,১০,০০০/- টাকা। উক্ত মাসে ২০টি অডিট আপত্তি নিষ্পন্ন হয়েছে, যার আর্থিক সংশ্লেষ ৩৯,১৬,৩৫,০০০/- টাকা। ফলে ডিসেম্বর-২০২৫ মাসের শেষে ২৩টি সাধারণ, ১৫৩টি অগ্রিম ও ০৭টি সংকলনভুক্ত আপত্তিসহ মোট ৪০৫টি আপত্তি অনিষ্পন্ন রয়েছে, যাতে জড়িত অর্থের পরিমাণ ৮৩০,৬৬,৭৫,০০০/- টাকা। ২৯টি আপত্তি দ্বি-পক্ষীয় ও ৪১টি আপত্তি ত্রি-পক্ষীয় সভায় উত্থাপনের জন্য অপেক্ষমাণ রয়েছে।<br><br>অতিরিক্ত সচিব (প্রশাসন ও চলচ্চিত্র) বলেন যে, সরকারি প্রতিষ্ঠানে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতে অডিট একটি গুরুত্বপূর্ণ অনুষঙ্গ। তাই অডিট আপত্তি নিষ্পত্তিতে যথাযথ অগ্রাধিকার দিতে হবে। ত্রি-পক্ষীয় সভা আহবানের মাধ্যমে দ্রুত অডিট আপত্তি নিষ্পত্তি করা সম্ভব। এছাড়া একই ধরণের অডিট আপত্তির পুনরাবৃত্তি যাতে না ঘটে, সেজন্য সকলকে সচেষ্ট থাকতে হবে। | ক) দ্বি-পক্ষীয় ও ত্রি-পক্ষীয় সভা আহবানের মাধ্যমে বিদ্যমান আপত্তিসমূহ দ্রুত নিষ্পত্তির উদ্যোগ গ্রহণ করতে হবে;<br><br>খ) যে সকল কারণে অডিট আপত্তি হয়েছে, তার পুনরাবৃত্তি যাতে না হয় সে বিষয়ে সতর্ক থাকতে হবে। | ১। অতিরিক্ত সচিব (প্রশাসন)<br>২। দপ্তর/সংস্থা প্রধান (সকল)<br>৩। মহাপরিচালক, অডিট অধিদপ্তর<br>৪। সহকারী সচিব (প্রশাসন-৩) |
| ৪. | **তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় সংশ্লিষ্ট মামলা:**<br><br>সভায় জানানো হয় যে, ডিসেম্বর-২০২৫ মাসের শুরুতে মন্ত্রণালয় ও আওতাধীন দপ্তর/সংস্থার বিচারাধীন মোট মামলার সংখ্যা ছিল ৭৩২টি। উক্ত মাসে কোনো মামলা নিষ্পত্তি হয়নি। ০৩টি নতুন রিট পিটিশন দায়ের করা হয়েছে। ফলে ডিসেম্বর-২০২৫ মাসের শেষে মোট মামলার সংখ্যা ৭৩৫টি।<br><br>অতিরিক্ত সচিব (প্রশাসন ও চলচ্চিত্র) বলেন যে, মামলা নিষ্পত্তিকরণ আদালতের এখতিয়ারভুক্ত হলেও নিষ্পত্তির জন্য মন্ত্রণালয় হতে সর্বোচ্চ সহযোগিতা নিশ্চিত করতে হবে। কোনো মামলাই যাতে আনএটেনডেন্ট না থাকে সে বিষয়ে সতর্ক থাকতে হবে। এছাড়া কনটেম্পট মামলা থাকলে তার জন্য আলাদা তালিকা করে অগ্রাধিকারভিত্তিতে নিষ্পত্তির উদ্যোগ নিতে হবে।<br><br>সিনিয়র সহকারী সচিব (আইন-২) জানান যে, বর্তমানে বাসসের ০২টি কনটেম্পট মামলা চলমান রয়েছে। যে বিষয় নিয়ে মামলা, সেগুলো বাস্তবায়নের কাজ চলছে। তাই মামলা দুটি দ্রুতই নিষ্পন্ন হয়ে যাবে। এছাড়া অন্যান্য মামলার বিষয়ে প্রতি মাসে অতিরিক্ত সচিব (প্রশাসন ও চলচ্চিত্র) এর সভাপতিত্বে দপ্তর/সংস্থার মামলা সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তার উপস্থিতিতে সভা অনুষ্ঠিত হচ্ছে।<br><br>অতিরিক্ত সচিব (প্রশাসন ও চলচ্চিত্র) এ প্রচেষ্টা অব্যাহত রাখার জন্য আইন অধিশাখাকে অনুরোধ করেন। | কনটেম্পট মামলাকে অগ্রাধিকার দিয়ে চলমান মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। দপ্তর/সংস্থা প্রধান (সকল)<br>২। আইন কর্মকর্তা |

| ক্রম | বিষয় ও আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১০. | **সাংগঠনিক কাঠামো ও নিয়োগবিধি হালনাগাদকরণ**<br><br>সভায় মন্ত্রণালয়, পিআইডি, বিটিভি, বেতার, গণযোগাযোগ, ডিএফপি, বাংলাদেশ ফিল্ম আর্কাইভ, সার্টিফিকেশন বোর্ড, নিমকো ও বাসসের নিয়োগবিধি ও সাংগঠনিক কাঠামো হালনাগাদকরণের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।<br><br>বাংলাদেশ বেতারের প্রধান প্রকৌশলী জানান যে, বেতারের সংশোধিত নিয়োগবিধির সভা সর্বশেষ ২৬ জানুয়ারি ২০২৫ তারিখে অনুষ্ঠিত হয়েছে। দীর্ঘদিন ধরে বিষয়টি অনিষ্পন্ন অবস্থায় রয়েছে।<br><br>উপসচিব (বেতার-১) জানান যে, বেতারের নিয়োগবিধিটি জটিল প্রকৃতির হওয়ায় এটি জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণের পূর্বে আরেকটি সভা করে পরীক্ষা-নিরীক্ষা করতে হবে।<br><br>অতিরিক্ত সচিব (প্রশাসন ও চলচ্চিত্র) এ কার্যক্রম ত্বরান্বিত করার জন্য নির্দেশনা প্রদান করেন। এছাড়া অন্যান্য দপ্তর/সংস্থার বিদ্যমান সমস্যা/জটিলতা দ্রুত সমাধানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে আহবান জানান। | ক) মন্ত্রণালয়ের প্রশাসন-১ শাখা ও দপ্তর/সংস্থাসমূহ প্রতি মাসে সাংগঠনিক কাঠামো ও নিয়োগবিধি হালনাগাদকরণের সর্বশেষ তথ্য সমন্বয় সভায় উপস্থাপন করবে।<br><br>খ) বাংলাদেশ বেতারের নিয়োগবিধি জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণের লক্ষ্যে দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। দপ্তর/সংস্থা প্রধান (সকল)<br>২। উপসচিব (প্রশাসন-১)<br><br>১। অতিরিক্ত সচিব (সম্প্রচার)<br>২। মহাপরিচালক, বাংলাদেশ বেতার<br>৩। উপসচিব (বেতার-১) |
| ১১. | **বিবিধ-১: ইনফরমেশন এন্ড ব্রডকাস্টিং একাডেমি স্থাপন**<br><br>ইনফরমেশন এন্ড ব্রডকাস্টিং একাডেমির পূর্ণাঙ্গ ও স্বয়ংসম্পূর্ণ প্রস্তাব পরীক্ষা-নিরীক্ষা করার জন্য যুগ্মসচিব (প্রেস ও তগ) এর নিকট প্রেরণ করা হয়েছে মর্মে সভায় জানানো হয়। এ সংক্রান্ত সার-সংক্ষেপ বর্তমান অন্তর্বর্তীকালীন সরকারের মেয়াদেই প্রধান উপদেষ্টার কার্যালয়ে প্রেরণ করা সম্ভব হবে মর্মে সভায় আশাবাদ প্রকাশ করা হয়। | ইনফরমেশন এন্ড ব্রডকাস্টিং একাডেমির পূর্ণাঙ্গ ও স্বয়ংসম্পূর্ণ প্রস্তাব দ্রুত প্রেরণ করতে হবে। | ১। মহাপরিচালক, বাংলাদেশ বেতার<br>২। মহাপরিচালক, গণযোগাযোগ অধিদপ্তর<br>৩। প্রধান নির্বাহী, বিসিটিআই |
| | **বিবিধ-২: নিরাপত্তা ব্যবস্থা**<br><br>সাম্প্রতিক ভূমিকম্পের ফলে বিটিভি, বেতার ও ডিএফপি'র কয়েকটি ভবন ক্ষতিগ্রস্ত হয়েছে মর্মে সভায় জানানো হয়।<br><br>বাংলাদেশ বেতারের প্রধান প্রকৌশলী জানান যে, গণপূর্ত বিভাগ কর্তৃক বাংলাদেশ বেতারের আগারগাঁওস্থ ১০ তলা প্রশাসন ভবন পরিদর্শন করে ভবনটি ঝুঁকিমুক্ত মর্মে মৌখিকভাবে জানানো হয়েছে। তবে এখনও লিখিত মতামত পাওয়া যায়নি।<br><br>ডিএফপি'র মহাপরিচালক জানান যে, গণপূর্ত বিভাগ কর্তৃক তথ্য ভবন, এনেক্স ভবন ও চলচ্চিত্র পুরাতন (ল্যাব) ভবন পরিদর্শন করা হয়েছে। চলচ্চিত্র পুরাতন (ল্যাব) | সরেজমিনে পরিদর্শনকৃত ভবনসমূহের বিষয়ে লিখিতভাবে মতামত দাখিল করার জন্য গণপূর্ত বিভাগকে পত্র দিতে হবে। | ১। মহাপরিচালক, বাংলাদেশ বেতার<br>২। মহাপরিচালক, ডিএফপি |

| ক্রম | বিষয় ও আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | | ঘ) প্রত্যেক মাসের ২০ তারিখের পূর্বে নির্ধারিত ছক মোতাবেক অনিষ্পন্ন বিষয়ের তালিকা প্রশাসন-২ শাখায় দাখিল করতে হবে। | ১। অতিরিক্ত সচিব (সকল)<br>২। দপ্তর/সংস্থা প্রধান (সকল)<br>৩। শাখা/ অধিশাখা প্রধান (সকল) |
| ৮. | **নথি বিনষ্টকরণ:**<br><br>সভায় জানানো হয় যে, মন্ত্রণালয়ের কোনো শাখা হতে বিনষ্টযোগ্য নথির তালিকা প্রশাসন-১ শাখায় পাওয়া যায়নি। তালিকা প্রাপ্তির পর কমিটি গঠনপূর্বক নথি বিনষ্টের ব্যবস্থা গ্রহণ করা হবে।<br><br>অতিরিক্ত সচিব (প্রশাসন ও চলচ্চিত্র) বলেন যে, নথি বিনষ্টকরণের সাথে অফিসের কর্মপরিবেশের উন্নয়ন ও কর্মকর্তা-কর্মচারীদের কর্মস্পৃহা বৃদ্ধির বিষয়টি সরাসরিভাবে জড়িত। তাই সচিবালয় নির্দেশমালা অনুযায়ী সকল শাখা/অধিশাখার মেয়াদোত্তীর্ণ নথি বিনষ্টকরণের লক্ষ্যে তালিকা প্রস্তুত করে প্রশাসন-১ শাখায় প্রেরণ করতে হবে। | প্রত্যেক শাখা তাদের নথিসমূহ শ্রেণিবিন্যাস করে বিনষ্টযোগ্য নথির তালিকা প্রশাসন-১ শাখায় জমা প্রদান করবেন। প্রশাসন-১ শাখা কমিটি গঠন করে নথি বিনষ্টের কার্যক্রম গ্রহণ করবেন। | শাখা/অধিশাখা প্রধান (সকল) |
| ৯. | **ডি-নথির ব্যবহার এবং সেবা পদ্ধতি সহজিকরণ, নাগরিক সেবায় উদ্ভাবন ও তথ্য বাতায়নসমূহ হালনাগাদকরণ:**<br><br>সিস্টেম অ্যানালিস্ট জানান যে, ডিসেম্বর-২০২৫ মাসে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ে হার্ড ফাইলে নোট নিষ্পত্তির সংখ্যা ৫৮টি এবং ডি-ফাইলে নোট নিষ্পত্তির সংখ্যা ৭৩টি। উক্ত মাসে ডি-নথি সিস্টেমের মাধ্যমে ৫৬% নোট নিষ্পন্ন করা হয়েছে। বিটিভি (২১%) ও তথ্য কমিশন (০%) ব্যতীত অন্যান্য দপ্তর/সংস্থার নোট নিষ্পত্তির হার ৬০% বা ততোধিক। উক্ত মাসে বিভিন্ন তথ্য, সভার কার্যবিবরণী ও বিজ্ঞপ্তিসহ ৪৬টি জি.ও. মন্ত্রণালয়ের ওয়েবসাইটে আপলোড করা হয়েছে।<br><br>তিনি আরও জানান যে, প্রেস কাউন্সিল, সাংবাদিক কল্যাণ ট্রাস্ট ও বাসসের ওয়েবসাইট যথাক্রমে ২০, ১৯ ও ১০ জানুয়ারি ২০২৬ তারিখে হালনাগাদ করা হয়েছে। এ ওয়েবসাইটগুলো নিয়মিত হালনাগাদ রাখা প্রয়োজন।<br><br>অতিরিক্ত সচিব (প্রশাসন ও চলচ্চিত্র) দপ্তর/সংস্থার ওয়েবসাইট নিয়মিত হালনাগাদ রাখার জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাদের অনুরোধ করেন।<br><br>আইন অধিশাখায় ইন্টারনেট সংযোগ না থাকায় ডি-নথিতে কার্যক্রম সম্পাদন করা সম্ভব হচ্ছে না মর্মে উপসচিব (আইন-১) সভাকে অবহিত করেন। জবাবে উপসচিব (প্রশাসন-১) বলেন যে, ইন্টারনেট সংযোগের জন্য দরপত্র আহবান করা হয়েছে। দ্রুতই কার্যাদেশ প্রদান করা হবে। | ক) মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর/সংস্থার ডি-নথির ব্যবহার ১০০% উন্নীত করার বিষয়ে সকলকে আরও উদ্যোগী হতে হবে;<br><br>খ) মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর/সংস্থার ওয়েব পোর্টাল যথাযথভাবে নিয়মিত ও তাৎক্ষনিক হালনাগাদ করে প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | ১। অতিরিক্ত সচিব<br>২। দপ্তর/সংস্থা প্রধান (সকল)<br>৩। অধিশাখা/শাখা প্রধান (সকল)<br>৪। সিস্টেম অ্যানালিস্ট |

| ক্রম | বিষয় ও আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | ভবনের কিছু কিছু দেয়ালে ছোট ফাটল/চিড় দেখা গেছে এবং কয়েকটি পিলারের (বিম) গোঁড়ার অংশ ক্ষতিগ্রস্ত হয়েছে। তবে পুরাতন ভবনটি ভেঙ্গে ফেলা হবে বিধায় এটি মেরামত করা হবে না মর্মে গণপূর্ত সিভিল বিভাগের প্রকৌশলী মত দিয়েছেন।<br><br>অতিরিক্ত সচিব (প্রশাসন ও চলচ্চিত্র) বাংলাদেশ বেতার ও ডিএফপি'র ভবনসমূহ পরিদর্শনের প্রতিবেদন লিখিতভাবে দাখিল করার নিমিত্ত গণপূর্ত বিভাগকে পত্র দেয়ার জন্য সংশ্লিষ্ট দুটি অধিদপ্তরকে অনুরোধ জানান। | | |

অতঃপর সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

০২/০২/২৫

মাহবুবা ফারজানা
সচিব
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা